ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০১	০১	-	-	-	০১	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ১টি।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩১.	নির্ধারিত সময়ে প্রকল্প না শেষ হওয়া	৩১.	প্রকল্পের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে না হওয়ার কারণ নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
৩.২	প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।	৩.২	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৩	ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	৩.৩	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;

বাংলাদেশ ওয়াক্‌ফ নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্‌ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০২০)

১. প্রকল্পের নাম : বাংলাদেশ ওয়াক্‌ফ নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্‌ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসন ও গণপূর্ত অধিদপ্তর (পূর্ত)

৪. প্রকল্প এলাকা : ঢাকা

৫. প্রকল্পের ধরন : বিনিয়োগ

৬. অর্থায়নের উৎস : বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের নিজস্ব

৭. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায়)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের তুলনায়)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬২৯.৪০	-	৩০১.২৯	জুলাই ২০১৭ হতে জুন ২০১৯	জুলাই ২০১৭ হতে জুন ২০২০	জুলাই ২০১৭ হতে জুন ২০২০	-	১ (এক) বছর

৮. প্রকল্পের উদ্দেশ্য:

বিদ্যমান ৫ তলা বিশিষ্ট ওয়াক্‌ফ ভবনের উপর নতুন নির্মাণের মাধ্যমে বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের আয় বৃদ্ধি;

- ভবনটিতে ২০ তলা ভিতের বিধান থাকায় পরবর্তীতে তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
- প্রকল্পের বিনিযোগকৃত অর্থ তুলে আনা।

৯. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :

(লক্ষ টাকায়)

কাজের ধরন	একক	লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
১	২	৩	৪	৫	৬
ক. রাজস্ব	-	-	-	-	-
ভবন নির্মাণ ও আসবাবপত্র		৯৯৩.৬৪		৩০০.০০	
বাহ্যিক কাজ, পয়ঃনিষ্কাশন এবং PABX	-	৪৮২.৯৪	-	-	-
রাজস্ব	-	৩২.২০	-	১.২৯	-
অন্যান্য	-	১১১.৬২	-	-	-
সর্বমোট =	--	১৬২০.৪০		৩০১.২৯	--

১০.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত দায়িত্ব	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	৬
১	জনাব দেওয়ান মোঃ আবদুস সামাদ প্রকল্প পরিচালক (উপ-সচিব)	-	হ্যাঁ	২৪.০৪.২০১৭	১৩.১০.২০১৮

নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবি	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত দায়িত্ব	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	৬
২	জনাব দেওয়ান মোঃ আবদুস সামাদ প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)	-	হ্যাঁ	১৪.১০.২০১৮	২৯.০৫.২০১৯
৩	এস এম হুমায়ুন কবির সরকার প্রকল্প পরিচালক (উপ-সচিব)	-	হ্যাঁ	১০.০৭.২০১৯	--

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ বিদ্যমান ৫ তলা বিশিষ্ট ওয়াক্ফ ভবনের উপর নতুন নির্মাণের মাধ্যমে বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের আয় বৃদ্ধি; ➢ ভবনটিতে ২০ তলা ভিতের বিধান থাকায় পরর্বতীতে তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা; ➢ প্রকল্পের বিনিযোগকৃত অর্থ তুলে আনা।	প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়নি।

১২। প্রকল্প পরিদর্শনঃ আলোচ্য প্রকল্পটি গত ৩০/০৮/২০২২ তারিখে এ বিভাগের সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) এস এম মাহবুবুল হক কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তা ও গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী উপস্থিত ছিলেন। সরেজমিনে প্রকল্প পরিদর্শন এবং পিসিআর এ প্রদত্ত তথ্য/প্রকল্প প্রস্তাবের আলোকে পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১২.১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত (অসমাপ্ত) বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত মোট ১৬২৯.৪০ লক্ষ (নিজেস্ব অর্থায়নে) টাকা অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ জুলাই ২০১৭ হতে জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। গত ০৮/১০/২০২০ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পের স্টিয়ারিং কমিটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জানানো হয় যে, কোভিড-১৯ পরিস্থিতির কারনে প্রকল্পের অবশিষ্ট কাজ বন্ধ রয়েছে এবং প্রকল্পের মেয়াদ জুন/২০২০ এ সমাপ্ত হয়েছে। সভায় সিদ্ধান্ত হয় যে, ওয়াক্ফ প্রশাসন প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট তত্তাবধায়ক প্রকৌশলী (পিডব্লিউডি) এবং সংশ্লিষ্ট প্রকৌশলী প্রকল্পস্থল সরেজমিনে পরিদর্শনপূর্বক একসাথে বসে আলোচনা করে প্রকল্প শেষ করা হবে নাকি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হবে এ বিষয়ে সুস্পষ্ট সুপারিশ প্রণয়ন করবে। সে প্রেক্ষিতে ওয়াক্ফ প্রশাসকের সভাপত্বে গত ২০/১০/২০২০ তারিখে এই প্রকল্প বিষয়ে একটি বিশেষ সভা অনুষ্টিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, নতুন প্রকল্প গ্রহণ করে গণপূর্ত বিভাগ অবশিষ্ট কাজ শেষ করবে। আলোচ্য প্রকল্পের বরাদ্দ ছিল ১৬২৯.০০ লক্ষ টাকা। মোট প্রাক্কলিত এই ব্যয়ের মধ্যে এ পর্যন্ত বরাদ্দকৃত ৯৯৩.৬৪ লক্ষ টাকার মধ্যে ৩০১.২৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট প্রাক্কলিত ব্যয়ের ১৮.৪৯%।

১২.২ বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসক জানায় যে, প্রকল্পটি ১৬২৯.৪০ লক্ষ (ষোল কোটি উনত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার প্রাক্কলনে মেয়াদকাল জুলাই' ২০১৭-জুন ২০১৯ মেয়াদে ০৮/১০/২০১৭ খ্রি: তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়। গণপূর্ত বিভাগ যাচাই বাছাই করে " মেসার্স নির্মাণ প্রকৌশলী ও এসটি ট্রেডিং কর্পোরেশন (জেডি) কাজের ঠিকাদার নিয়োগ করে ১৯/০৫/২০১৮ খ্রি: তারিখে কার্যাদেশ দিয়ে ঠিকাদারকে তারিখে ১২/৬/২০১৮ তারিখে সাইট বুঝিয়ে দেয়। কিন্ত ঠিকাদার দীর্ঘ ০৯ (নয়) মাস পর ৬ষ্ঠ তলা এবং পরবর্তীতে ০৬ মাসে ৭ম তলা ছাদ ঢালাই করেন। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে না পারায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বিগত ৩১/০৭/২০১৯ খ্রি: তারিখে প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২০ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রকল্পের ধীরগতির কারণে ২৪/১১/২০১৯ খ্রি: তারিখে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর সভার সিদ্ধান্তে প্রকল্প

বাস্তবায়ন কমিটি সময় ভিত্তিক পরিকল্পনা গ্রহণ ও টার্গেট নির্ধারণ করে তা পূরণে ব্যর্থ হলে ঠিকাদার পরিবর্তনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ওয়াক্ফ প্রশাসক গত ০১/০১/২০২০ তারিখে নির্ধারিত সময়ে প্রকল্পটি শেষ করার লক্ষ্যে ঠিকাদারে চুক্তিপত্র বাতিল এবং নতুন ঠিকাদার নিয়োগের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হয়। সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে ০৮/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্প ষ্টিয়ারিং কমিটি (PSC) সভার সিদ্ধান্তে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা পৃথক পৃথক সভা করে প্রকল্পটি সমাপ্ত ঘোষাণা করার জন্য অথবা প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য সুপারিশ প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

১২.৩ গণপূর্ত বিভাগ ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ কাজের বিলম্বের বিষয়ে জানায় যে, উক্ত নির্মাণ কাজের ডিজাইন ডিভিশন হতে কনক্রিটের অনুপাত ১:১.৫:৩ এর পরিবর্তে ১:১.২৫:২.৫ হওয়ায় নতুন করে ভেরিয়েশন উদ্বভ হয় । ফলে ভেরিয়েশন অনুমোদনে বিলম্ব হয় । সংশ্লিষ্ট ঠিকাদার জয়েন্ট ভেঞ্চার এর মাধ্যমে কাজটি পায় । জয়েন্ট ভেঞ্চার লিড পার্টনার Work Plan অনুসারে যথাযথভাবে কাজটি বাস্তবায়ন করে নাই । সংশ্লিষ্ট ঠিকাদারের Performance Security ও কাজের Security সংরক্ষিত করা হয়েছে । করোনা কালিন সময়ে কাজ যথাযথভাবে করা সম্ভব হয় নাই । উক্ত প্রকল্পের মেয়াদ জুন-২০২০ খ্রি ঃ তারিখে শেষ হয় ।

১২.৩ প্রকল্পটির মূল/প্রধান অঙ্গ অর্থাৎ বাস্তবায়িত না হওয়ায় ‘সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত’ পরিপত্রের ১৬.১৮ অনুচ্ছেদ মোতাবেক প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত ঘোষণা করা প্রয়োজন;

১২.৪ প্রকল্পটি ২৪ মাস মূল মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও পরবর্তীতে প্রকল্পের মেয়াদ আরও ১২ মাস মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। অর্থাৎ মোট ৩ বছর মেয়াদান্তেও প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। PCR-এর প্রকৃত অর্জন কলামে বলা হয়েছে যে, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলায় শুধু মাত্র ফ্লোরের কাজ সম্পন্ন করা হয়েছে। গণপূর্ত বিভঅগ কর্তৃক নন প্রফেশনাল ও অদক্ষ ঠিকাদার নিয়োগ করায় সিডিউল টাইমে কাজ করা সম্পন্ন করা হয়নি। তাছাড়া কোভিড-১৯ এর প্রভাবের কারনে লগডাউন থাকায় কাজের ব্যঘাত ঘটেছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ওয়াক্ফ প্রশাসক গত ০১/০১/২০২০ তারিখে নির্ধারিত সময়ে প্রকল্পটি শেষ করার লক্ষ্যে ঠিকাদারে চুক্তিপত্র বাতিল এবং নতুন ঠিকাদার নিয়োগের জন্য প্রধান প্রকৌশলীকে ওয়াক্ফ প্রশাসক হতে অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করার কারনে ওয়াক্ফ প্রশাসক কর্তৃক নতুন ঠিকাদার নিয়োগের বিষয়ে অনুরোধ করার সত্বেও এবং পিআইসি ও পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী কোন কার্যকরি পদক্ষেপ গণপূর্ত বিভাগ কর্তৃক গ্রহণ করা হয়নি। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগরে নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে। সে অনুসারে দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উল্লেখ্য যে, প্রকল্পটি বাস্তবায়নে ৩(তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে।

১৩। **অডিট:** প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্যমতে অদ্যাবধি প্রকল্পের কোন অডিট সম্পাদিত হয়নি।

১৪। প্রকল্পের বাস্তবায়ন কাজের উল্লেখ্যযোগ্য স্থিরচিত্র:





১৫.০ মতামত/সুপারিশঃ

১৫.১ প্রকল্পের আওতায় ওয়াক্ফ ভবনের উর্ধ্বমূখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণের ক্ষেতে কর্ম-পরিকল্পনা ও ক্রয়-পরিকল্পনা অনুসারে সম্পন্ন না হওয়া এর কারণ নির্ধারণপূর্বক ঠিকাদার প্রতিষ্ঠান অপসারন করে নতুনভাবে কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় সরকারের উন্নয়ন কাজ বাধাগ্রস্ত হয়েছে।

১৫.২ প্রকল্পের বাস্তবায়ন নির্ধারিত সময়ের মধ্যে না হওয়ার কারণ নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৫.৩ প্রকল্পটি বাস্তবায়নে ৩(তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত একজন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

১৫.৪ প্রকল্পের কোন কোন অংশের কাজ হয়েছে এবং কোন কোন অংশের কাজ অসম্পন্ন রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করা প্রয়োজন। সে মতে যাচাই বাচাইপূর্বক নতুন প্রকল্প অথবা কর্মসূচী গ্রহণ করে বাকী কাজ সম্পন্ন করা যেতে পারে।

১৫.৫ আলোচ্য প্রকল্পটি যেহেতু বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের নিজেস্ব অর্থায়নে এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদনকৃত সেহেতু অনুমোদনকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত ঘোষণা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।